



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	১০
সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)	২৪
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	২৫
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	২৯
সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে	৩১
সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ	৩৩

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র (Overview of the Performance of the Ministry/Division)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

জনগণের স্বাস্থ্য শিক্ষা ও স্বাস্থ্য সেবার মানোন্নয়নে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ খাতে বিগত ৩ বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে।
২০২২-২৩ অর্থবছরে ১৪টি সরকারি মেডিকেল কলেজ-এ ক্রিটিক্যাল কেয়ার বিষয়ে পূর্ণাঙ্গ পদ সৃজন করা হয়েছে।
২০২৩-২৪ অর্থবছরে 'বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন আইন, ২০২৩' গেজেট আকারে প্রকাশ হয়েছে।
২০২৩-২৪ অর্থবছরে ৫টি নতুন ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ করা হয়েছে।
মাতৃ-মৃত্যু হার হাস পেয়ে বর্তমানে (SVRS ২০২৩ অনুযায়ী প্রতি লক্ষ জীবিত জন্ম শিশুর বিপরীতে) ১৩৬, ২০২২ সালে যা ছিল ১৫৩।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

সার্বজনীন ও মানসম্মত চিকিৎসা সেবা নিশ্চিতকরণে চিকিৎসা শিক্ষার মানোন্নয়ন এবং সীমিত সম্পদ ও দক্ষ মানব সম্পদের স্বল্পতার মধ্যে সমন্বয় করত: কাজিত ও সমতাভিত্তিক স্বাস্থ্য সেবা তৃণমূল পর্যায় পর্যন্ত বিস্তৃতকরণ- স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ খাতে বর্তমান সময়ের প্রধান চ্যালেঞ্জ।
সমস্যাসমূহ- চিকিৎসা শিক্ষার মানোন্নয়নে তুলনামূলক অবকাঠামো ও প্রয়োজনীয় প্রশিক্ষণের অভাব, চিকিৎসাকর্মীদের পেশাগত উৎকর্ষ নিশ্চিত করতে না পারা এবং সেবাগ্রহীতা ও সেবা দাতার আনুপাতিক বৈষম্য।
জনসংখ্যার আধিক্য, দুর্গম এলাকায় পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য সেবা যথাযথভাবে নিশ্চিত করতে না পারা এবং শহরাঞ্চলের বস্তিবাসী মোট জনসংখ্যার সকলকে পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রমের আওতায় আনতে না পারা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ খাতে সরকারের গৃহীত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ সুনির্দিষ্ট কার্যক্রম গ্রহণ করেছে।
২০২৫ সালে 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয় খুলনা' স্থাপন এর জন্য প্রণীত মহাপরিকল্পনার আওতাধীন ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়নসহ মৌলিক অবকাঠামো নির্মাণ শীর্ষক প্রকল্পের জিও জারি করা হবে।
২০২৫ সালের মধ্যে "বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ আইন ২০২৩" এর খসড়া চূড়ান্ত করা হবে।
চলমান '৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাত উন্নয়ন কর্মসূচি' (HPNSDP) এর আওতায় প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করার লক্ষ্যে ২০২৫ সালের মধ্যে ক্রমপুঞ্জীভূত হিসেবে সারাদেশে মোট ৩৩৮৮ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ করা হবে।
দেশের জনসংখ্যাকে নিয়ন্ত্রণে রাখার জন্য ২০২৫ সালে 'বাংলাদেশ জনসংখ্যা নীতি, ২০১২' হালনাগাদপূর্বক 'বাংলাদেশ জনসংখ্যা নীতি, ২০২৪' প্রণয়ন করা হবে এবং এর বাস্তবায়নে পরিবার পরিকল্পনা খাতে মনিটরিং ও প্রচার কর্মসূচীর আওতায় সুনির্দিষ্ট 'অপারেশনাল প্ল্যান' প্রণয়ন করা হবে।

২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- ১৬/০৬/২০২৫ এর মধ্যে 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয় খুলনা' স্থাপন এর জন্য প্রণীত মহাপরিকল্পনার আওতাধীন ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়নসহ মৌলিক অবকাঠামো নির্মাণ শীর্ষক প্রকল্পের জিও জারিকৃত
- ৩০/০৬/২০২৫ এর মধ্যে পাবনা মেডিকেল কলেজ, পাবনা এর রাজস্বখাতে পূর্ণাঙ্গ পদ সৃজনের প্রস্তাবটি যাচিত তথ্যাদি প্রদানপূর্বক সম্মতি প্রদানের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত
- ২০/০৬/২০২৫ এর মধ্যে 'বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ আইন ২০২৩' এর খসড়া চূড়ান্তকৃত
- ২৯/০৬/২০২৫ এর মধ্যে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (বিএনএমসি) এর চাকুরি প্রবিধানমালা চূড়ান্তকৃত
- ৩০/০৬/২০২৫ এর মধ্যে 'বাংলাদেশ জনসংখ্যা নীতি, ২০১২' হালনাগাদপূর্বক 'বাংলাদেশ জনসংখ্যা নীতি, ২০২৪' প্রণয়নকৃত।

প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২৪ সালের মাসের তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১

মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision)

সকলের জন্য মানসম্মত স্বাস্থ্য শিক্ষা এবং সাশ্রয়ী পরিবার পরিকল্পনা সেবা।

১.২ অভিলক্ষ্য (Mission)

মানসম্মত ও সাশ্রয়ী পরিবার পরিকল্পনা সেবা, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পুষ্টিখাতে উন্নয়ন এবং গুণগত স্বাস্থ্য শিক্ষা ও গবেষণায় বিনিয়োগের মাধ্যমে দক্ষ ও শক্তিশালী মানব সম্পদ সৃজন।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. মানসম্মত চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণ
২. সার্বজনীন পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ
৩. মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়ন এবং প্রজনন স্বাস্থ্য ও পুষ্টি সেবা জোরদার করণ
৪. স্মার্ট চিকিৎসা শিক্ষা এবং পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণে ই-ব্যবস্থাপনার উন্নয়ন
৫. প্রশিক্ষণ ও গবেষণার সুযোগ সম্প্রসারণ

১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি (Functions)

১. চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণে পদ সৃজন, আইন বিধিমালা/নীতিমালা প্রণয়ন ও হালনাগাদকরণ, একাডেমিক অনুমোদন নবায়ন এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন
২. পরিবার পরিকল্পনা সেবায় গতিশীলতা আনয়ন ও সেবার পরিধি বৃদ্ধি এবং স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ
৩. মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষণ, মোট উর্বরতার হার হ্রাসে আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিতকরণ এবং মাঠ পর্যায়ে সেবা প্রদান কর্মসূচীর আয়োজন
৪. প্রযুক্তিখাতে উন্নয়নের মাধ্যমে স্বাস্থ্য সেবার পরিধি সম্প্রসারণ
৫. মৌলিক/স্বাস্থ্য সেবা/চিকিৎসা শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান, গবেষণার পরিধি বিস্তৃতিকরণ এবং রাজস্ব আদায়, পেনশন ও অডিট সংক্রান্ত কার্যাবলিতে গতিশীলতা আনয়ন

সেকশন ২
বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
শিশু মৃত্যু (হাস) (পাঁচ বছরের কম বয়সী) ২০২৫ সালের টার্গেট- ২৭ (কৌশলগত উদ্দেশ্য-৩ এর আলোকে)	[৩.১.১] মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ আয়োজিত [৩.১.২] স্যাটেলাইট ক্লিনিক আয়োজিত [৩.১.৩] উপজেলা পর্যায়ে পুষ্টি, প্রজনন, স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ৮ম-১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা	সংখ্যা	৩১	৩৩	২৭.১৫	২৭	২৬.৯০	স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর	৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অর্থ বিভাগ প্রণীত খসড়া- মার্চ/২০২২ এর পৃষ্ঠা নং- ৫৮২), ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অধ্যায় ১০, পৃ: ৫২২ এ দেয় ২০২৫ সালের টার্গেট অর্জনের নিমিত্ত), এসভিআরএস ২০২৩, বিএসভিএস ২০২০, ইউনিসেফ, আরপিআইপি; ভলিউম-১, এমআইএস (ডিজিএইচএস), এমআইএস (ডিজিএফপি)
মাতৃ মৃত্যু (হাস) ২০২৫ সালের টার্গেট- ১০০ (কৌশলগত উদ্দেশ্য-৩ এর আলোকে)	[৩.১.১] মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ আয়োজিত [৩.১.২] স্যাটেলাইট ক্লিনিক আয়োজিত [৩.১.৩] উপজেলা পর্যায়ে পুষ্টি, প্রজনন, স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ৮ম-১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা [৪.১.২] সুখী পরিবার কল সেন্টার (১৬৭৬৭) এর মাধ্যমে পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য সেবা বিষয়ক তথ্য ও পরামর্শ প্রদানকৃত [৪.১.৬] পাইলটিং কার্যক্রম হিসেবে ০১টি জেলায় সেবা প্রদানকারী কর্তৃক উন্নত সেবা প্রদানের জন্য রেফারেল নোটিফিকেশন প্রদান	সংখ্যা	১৫৩	১৩৬	১১০	১০০	৯৮	স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর	এসভিআরএস ২০২৩ (পৃষ্ঠা-০৭), ইউনিসেফ, আরপিআইপি; ভলিউম-১, এমআইএস (ডিজিএইচএস), এমআইএস (ডিজিএফপি), ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অধ্যায় ১০, পৃ: ৫২২ এ দেয় ২০২৫ সালের টার্গেট অর্জনের নিমিত্ত)

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
						২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
মোট প্রজনন হার (TFR) (হ্রাস) ২০২৫ সালের টার্গেট- ২.০ (কৌশলগত উদ্দেশ্য-৩ এর আলোকে)	[২.২.১] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভকালীন সেবার সংখ্যা বৃদ্ধি [৩.১.১] মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ আয়োজিত [৩.১.২] স্যাটেলাইট ক্লিনিক আয়োজিত [৩.১.৩] উপজেলা পর্যায়ে পুষ্টি, প্রজনন, স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ৮ম-১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা [৪.১.২] সুখী পরিবার কল সেন্টার (১৬৭৬৭) এর মাধ্যমে পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য সেবা বিষয়ক তথ্য ও পরামর্শ প্রদানকৃত [৩.২.১] ইমপ্লানন সেবা নতুন গ্রহণকারী [৩.২.২] টিউবেকটমী সেবা নতুন গ্রহণকারী [৩.১.৪] বিটিভির জনসংখ্যা সেল-এ প্রচারের নিমিত্ত পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক কন্টেন্ট প্রস্তুত	সংখ্যা	২.১৫	২.১৭	২.০১	২.০	১.৯৯	স্থানীয় সরকার বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ এবং স্বাস্থ্য অধিদপ্তর	৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অর্থ বিভাগ প্রণীত খসড়া- মার্চ/২০২২ এর পৃষ্ঠা নং- ৫৮২), ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা (অধ্যায় ১০, পৃ: ৫২২ এ দেয় ২০২৫ সালের টার্গেট অর্জনের নিমিত্ত), এসভিআরএস ২০২৩, ইউনিসেফ, আরপিআইপি; ভলিউম-১, এমআইএস (ডিজিএইচএস), এমআইএস (ডিজিএফপি)
সকল বিভাগীয় শহরে মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন (টার্গেট - ২০৩০ সালের মধ্যে ১টি করে মেডিকেল বিশ্ববিদ্যালয় সকল বিভাগীয় শহরের জন্য) (কৌশলগত উদ্দেশ্য-১ এর আলোকে)	[১.৩.২] 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয় খুলনা স্থাপন এর জন্য প্রণীত মহাপরিকল্পনার আওতাধীন ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়নসহ মৌলিক অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্পের জিও জারিকৃত [১.৩.৩] 'সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন' শীর্ষক প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকৃত [১.৩.৪] 'চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন' শীর্ষক প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকৃত [১.১.৪] ১৫টি বেসরকারী মেডিকেল কলেজ-এর একাডেমিক অনুমোদন নবায়ন	সংখ্যা	১	১	১	১	১	১। পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় ২। অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সরকারের নির্বাচনী ইশতেহার, রুলস অব বিজনেস (৩) এবং সিটিজেন চার্টার অনুসারে মেডিকেল কলেজ এবং মেডিকেল বিশ্ববিদ্যালয় সম্পর্কিত বিষয় বাস্তবায়ন সংক্রান্ত।

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন	প্রকৃত অর্জন*	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
			২০২২-২৩	২০২৩-২৪		২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
সকল ইউনিয়নে (সদর উপজেলা ব্যতিত) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ (টার্গেট- ২০৩০ সালের মধ্যে সকল ইউনিয়নের জন্য) (কৌশলগত উদ্দেশ্য-২ এর আলোকে)	[২.৩.১] নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (০৩টি নতুন কেন্দ্র নির্মিত)	ক্রমপঞ্জিভূত	৩৩৮১	৩৩৮৪	৩৩৮৭	৩৩৯০	৩৩৯২	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	টেকসই উন্নয়ন লক্ষ্য মাত্রা ৩ অনুসারে : স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং জনসংখ্যা খাতের পরিকল্পিত উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন আবশ্যিক। অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুসারে, (পৃষ্ঠা নং ৫২৩ ও ৫৩৬) ভৌত অবকাঠামো ও স্বাস্থ্য স্থাপনা নির্মাণ প্রয়োজন।
গবেষণার সুযোগ সম্প্রসারণ (২০২৫ সাল পর্যন্ত বাৎসরিক টার্গেট ৮ টি) (কৌশলগত উদ্দেশ্য-৫ এর আলোকে)	[৫.২.১] গবেষণা ব্রিফ/নিউজলেটার প্রকাশিত	সংখ্যা	৮	৮	৮	৮	৮	নিপোর্ট	জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১ অনুসারে চলমান চ্যালেঞ্জ মোকাবেলায় [(ঢ) ও (ট) অনুসারে] স্বাস্থ্য খাতে গবেষণা ও প্রশিক্ষণ বৃদ্ধি আবশ্যিক। রুলস অব বিজনেস (৬) অনুসারে গবেষণার সুযোগ সম্প্রসারণ ও প্রশিক্ষণ বৃদ্ধি আবশ্যিক। স্মার্ট বাংলাদেশ (খসড়া) এর স্বাস্থ্য খাতের নির্দেশনায় পৃষ্ঠা ২১-এর ৫নং প্যারায় সিটিজেন সার্ভের কথা বলা আছে। পাতা ২৬ এ সংশ্লিষ্ট সংস্থার সফ্টওয়্যার হালনাগাদের কথা বলা আছে। পাতা ২২-এর এ পর্যবেক্ষণ কলামে প্রশিক্ষণের কথা বলা হয়েছে।

ফলাফল/প্রভাব	কর্মসম্পাদন সূচকসমূহ	একক	প্রকৃত অর্জন	প্রকৃত অর্জন*	লক্ষ্যমাত্রা ২০২৪-২৫	প্রক্ষেপণ		নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র
			২০২২-২৩	২০২৩-২৪		২০২৫-২০২৬	২০২৬-২০২৭		
প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারণ (২০২৫ সালের মধ্যে ০৪টি ই- ব্যবস্থাপনা বিষয়ক লার্নিং সেশন আয়োজনের মাধ্যমে বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারী-কে প্রশিক্ষণ প্রদান) (কৌশলগত উদ্দেশ্য-৪ এর আলোকে)	[৪.১.৫] বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে ই-ব্যবস্থাপনা বিষয়ক লার্নিং সেশন অনুষ্ঠিত।	সংখ্যা	২	৩	৪	৫	৬	নিপোর্ট	জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১ অনুসারে চলমান চ্যালেঞ্জ মোকাবেলায় [(ঢ) ও (ট) অনুসারে] স্বাস্থ্য খাতে গবেষণা ও প্রশিক্ষণ বৃদ্ধি আবশ্যিক। রুলস অব বিজনেস (৬) অনুসারে গবেষণার সুযোগ সম্প্রসারণ ও প্রশিক্ষণ বৃদ্ধি আবশ্যিক। স্মার্ট বাংলাদেশ (খসড়া) এর স্বাস্থ্য খাতের নির্দেশনায় পৃষ্ঠা ২১-এর ৫নং প্যারায় সিটিজেন সার্ভের কথা বলা আছে। পাতা ২৬ এ সংশ্লিষ্ট সংস্থার সফ্টওয়্যার হালনাগাদের কথা বলা আছে। পাতা ২২-এর এ পর্যবেক্ষণ কলামে প্রশিক্ষণের কথা বলা হয়েছে।

*সাময়িক (provisional) তথ্য

সেকশন ৩
কর্মসম্পাদন পরিকল্পনা

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] মানসম্মত চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণ	২৫	[১.১] চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে পদ সৃজন	[১.১.১] পাবনা মেডিকেল কলেজ, পাবনা এর রাজস্বখাতে পূর্ণাঙ্গ পদ সৃজনের প্রস্তাবটি যাচিত তথ্যাদি প্রদানপূর্বক সম্মতি প্রদানের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত	তারিখ	তারিখ	২			৩০.০৬.২৫						
			[১.১.২] জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান (নিপোর্ট) এর অধীন ১৫টি প্রতিষ্ঠানের জন্য রাজস্বখাতে পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত	তারিখ	তারিখ	১			২৮.০৬.২৫	৩০.০৬.২৫					
			[১.১.৩] ০১টি নার্সিং কলেজ/ইনস্টিটিউট এর জন্য রাজস্বখাতে অস্থায়ী ভাবে পদ সৃজনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত	তারিখ	তারিখ	১			২৬.০৬.২৫	৩০.০৬.২৫					
			[১.১.৪] ১৫টি বেসরকারী মেডিকেল কলেজ-এর একাডেমিক অনুমোদন নবায়ন	সমষ্টি	সংখ্যা	২			১৫	১৪	১৩			২০	২৫

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[১.২] স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ	[১.২.১] ডিপ্লোমা ইন নার্সিং এন্ড মিডওয়াইফারি কারিকুলাম হালনাগাদকৃত	তারিখ	তারিখ	১			২৫.০৬.২৫	৩০.০৬.২৫					
			[১.২.২] বেসরকারি পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিমালা ২০০৯ হালনাগাদকৃত	তারিখ	তারিখ	১			৩০.০৬.২৫						
			[১.২.৩] বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (বিএনএমসি) এর চাকুরি প্রবিধানমালা চূড়ান্তকৃত	তারিখ	তারিখ	২			২৯.০৬.২৫	৩০.০৬.২৫					
			[১.২.৪] বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ আইন ২০২৩' এর খসড়া চূড়ান্তকৃত	তারিখ	তারিখ	২			২০.০৬.২৫	৩০.০৬.২৫					

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
			[১.২.৫] বাংলাদেশ জনসংখ্যা নীতি, ২০১২ হালনাগাদপূর্বক বাংলাদেশ জনসংখ্যা নীতি, ২০২৪ প্রণয়নকৃত	তারিখ	তারিখ	২			৩০.০৬.২৫						
			[১.২.৬] ‘দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা ও তদুদ্দেশ্যে প্রশিক্ষণ সম্পর্কিত প্রেষণ নীতিমালা- ২০২২ (সংশোধিত)’ হালনাগাদকৃত	তারিখ	তারিখ	১			২২.০৬.২৫	৩০.০৬.২৫					
			[১.২.৭] ‘বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন আইন, ২০২৩’ এর ইংরেজিতে অনূদিত পাঠ (Authentic English Text) প্রকাশের লক্ষ্যে খসড়া অনূদিত কপি মন্ত্রিপরিষদ বিভাগ এর ‘আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত সংক্রান্ত উপ-কমিটি’ এর নিকট প্রেরণ	তারিখ	তারিখ	১			২৮.০৬.২৫	৩০.০৬.২৫					
			[১.২.৮] ‘Bangladesh National Family Planning Strategy, 2023-30’ প্রণয়নের লক্ষ্যে খসড়া চূড়ান্তকৃত	তারিখ	তারিখ	১			২৬.০৬.২৫	৩০.০৬.২৫					

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[১.৩] কারিকুলাম প্রণয়ন, এ্যাক্রিডিটেশন ও উন্নয়ন প্রকল্পের জিও জারি	[১.৩.১] মরচুয়ারী এ্যাসিস্টেন্ট এর কারিকুলাম প্রণয়ন	তারিখ	তারিখ	১			২০.০৬.২৫	২৫.০৬.২৫					
			[১.৩.২] 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয় খুলনা স্থাপন এর জন্য প্রণীত মহাপরিকল্পনার আওতাধীন ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়নসহ মৌলিক অবকাঠামো নির্মাণ'- শীর্ষক প্রকল্পের জিও জারিকৃত	তারিখ	তারিখ	২			১৬.০৬.২৫	২৫.০৬.২৫					
			[১.৩.৩] 'সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন' শীর্ষক প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকৃত	তারিখ	তারিখ	২			১৮.০৬.২৫	২০.০৬.২৫					
			[১.৩.৪] 'চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন' শীর্ষক প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকৃত	তারিখ	তারিখ	২			২৮.০৬.২৫	৩০.০৬.২৫					
			[১.৩.৫] ০৩ টি নার্সিং ও মিডওয়াইফারি প্রতিষ্ঠানের অ্যাক্রিডিটেশন সম্পন্নকৃত	সমষ্টি	সংখ্যা	১			৩	২					

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[২] সার্বজনীন পরিবার পরিকল্পনা সেবা সম্প্রসারণ	১৩	[২.১] পরিবার পরিকল্পনা সেক্টরে গতিশীলতা আনয়ন	[২.১.১] বিসিএস (পরিবার পরিকল্পনা) ক্যাডারের কর্মকর্তাগণকে সহকারী পরিচালক (সাধারণ) ও উপপরিচালক (সাধারণ) পদে পদোন্নতির লক্ষ্যে ০২টি ডিপিসি'র সভা অনুষ্ঠিত	তারিখ	তারিখ	২			৩০.০৬.২৫						
		[২.২] গর্ভকালীন সেবার পরিধি বৃদ্ধি	[২.২.১] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভকালীন সেবার সংখ্যা বৃদ্ধি	সমষ্টি	লক্ষ্য	২		২০	২০.২৫	২০.২২				২০.২৭	২০.৩০
		[২.৩] পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	[২.৩.১] নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (নতুন ০৩টি কেন্দ্র নির্মিত)	ক্রমপুঞ্জিভূত সংখ্যা		২	৩৩৮১	৩৩৮৪	৩৩৮৭	৩৩৮৬	৩৩৮৫			৩৩৯০	৩৩৯২

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
			[২.৩.২] নির্মিত মা ও শিশু কল্যাণ কেন্দ্র (নতুন ০৪টি কেন্দ্র নির্মিত)	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	২	১৪৫	১৫১	১৫৫	১৫৪	১৫৩	১৫২		১৫৭	১৫৮
			[২.৩.৩] নির্মিত উপ-পরিচালক অফিস	সমষ্টি	সংখ্যা	২			২	১				২	২
		[২.৪] বিভাগের অধীন স্থাপনা মেরামত	[২.৪.১] স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীন স্থাপনা মেরামতকৃত	সমষ্টি	সংখ্যা	২		৩০০	৩৫০	৩২৫				৩৬০	৩৮০
		[২.৫] পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সেবা কেন্দ্র পরিদর্শন	[২.৫.১] মাঠ পর্যায়ে প্রদেয় সেবা কার্যক্রম মনিটরিংয়ের লক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ৬০টি সেবা কেন্দ্র পরিদর্শনকৃত	তারিখ	তারিখ	১			৩০.০৬.২৫						

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৩] মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়ন এবং প্রজনন স্বাস্থ্য ও পুষ্টি সেবা জোরদার করণ	১২	[৩.১] মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষণ এবং মাঠ পর্যায়ে সেবা প্রদান কর্মসূচীর আয়োজন	[৩.১.১] মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ আয়োজিত	সমষ্টি	সংখ্যা	১			৯০				৯০	৯০	
			[৩.১.২] স্যাটেলাইট ক্লিনিক আয়োজিত	সমষ্টি	হাজার	২			২৫	২২			২৬	২৭	
			[৩.১.৩] উপজেলা পর্যায়ে পুষ্টি, প্রজনন, স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ৮ম-১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা	সমষ্টি	সংখ্যা	২	২০	৩০	৪৮	৪০			৫০	৫২	
			[৩.১.৪] বিটিভির জনসংখ্যা সেল-এ প্রচারের নিমিত্ত পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক কন্টেন্ট প্রস্তুত	সমষ্টি	সংখ্যা	৩			৪	৩	২		৫	৬	
		[৩.২] মোট উর্বরতার হার হ্রাসে আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিতকরণ	[৩.২.১] ইমপ্লানন সেবা নতুন গ্রহণকারী	সমষ্টি	হাজার	২		২৮৪	৩৫০	৩৩০	৩১০	৩০০	৩৫০	৩৫০	
			[৩.২.২] টিউবেকটমী সেবা নতুন গ্রহণকারী	সমষ্টি	হাজার	২		৪১৬৭	৬০	৫৫	৫০	৪৫	৪০	৬৫	৭০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৪] স্মার্ট চিকিৎসা শিক্ষা এবং পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণে ই-ব্যবস্থাপনার উন্নয়ন	১০	[৪.১] প্রযুক্তিখাতে উন্নয়নের মাধ্যমে সেবার পরিধি সম্প্রসারণ	[৪.১.১] বেসরকারি মেডিকেল কলেজ সমূহের সেন্ট্রাল MIS চালুকরণের নিমিত্ত টেকনিক্যাল কমিটির সভা অনুষ্ঠিত'	তারিখ	তারিখ	২			৩০.০৬.২৫						
			[৪.১.২] সুখী পরিবার কল সেন্টার (১৬৭৬৭) এর মাধ্যমে পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য সেবা বিষয়ক তথ্য ও পরামর্শ প্রদানকৃত	সমষ্টি	সংখ্যা	২		৭৫০০০	৮০০০০	৭৭০০০			৮২০০০	৮৪০০০	

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
			[৪.১.৩] সিমুলেশন ল্যাব পরিচালনায় দক্ষতা অর্জনের নিমিত্ত প্রশিক্ষণ আয়োজিত	সমষ্টি	সংখ্যা	১			১৫০	১৪০				১৫৫	১৬০
			[৪.১.৪] দৈবচয়নের ভিত্তিতে ৩০টি সরকারি/বেসরকারি মেডিকেল কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষকদের টুলস এর মাধ্যমে মূল্যায়নকৃত	সমষ্টি	সংখ্যা	২			৩০	২৫				৩২	৩৫
			[৪.১.৫] বিভাগের কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা উন্নয়নে ই-ব্যবস্থাপনা বিষয়ক লার্নিং সেশন অনুষ্ঠিত	সমষ্টি	সংখ্যা	১			৪	৩				৪	৪
			[৪.১.৬] পাইলটিং কার্যক্রম হিসেবে ১টি জেলায় সেবা প্রদানকারী কর্তৃক উন্নত সেবা প্রদানের জন্য রেফারেল নোটিফিকেশন প্রদান	সমষ্টি	সংখ্যা	২			১০০	৯০				১১০	১২০

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[৫] প্রশিক্ষণ ও গবেষণার সুযোগ সম্প্রসারণ	১০	[৫.১] মৌলিক/স্বাস্থ্য সেবা/চিকিৎসা শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	[৫.১.১] স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বুনিয়াদি, মৌলিক, চাকুরিকালীন দক্ষতা উন্নয়নের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ এবং পুনঃপ্রশিক্ষণ প্রদানকৃত	সমষ্টি	সংখ্যা	১			৬০০০	৫৮০০			৬২০০	৬৪০০	
			[৫.১.২] মেডিকেল কলেজে সমন্বিত চিকিৎসা শিক্ষা (Integrated teaching) কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	সমষ্টি	সংখ্যা	১			৫০	৪৫			৫০	৫০	
			[৫.১.৩] সরকারি বেসরকারি মেডিকেল কলেজ শিক্ষকদের দক্ষতা উন্নয়নের জন্য টিচিং মেথডোলজী ও এসেসমেন্ট বিষয়ে শিক্ষক প্রশিক্ষণ	ক্রমপুঞ্জিভূত	সংখ্যা	১	২৮০	৩০০	৩৫০	৩২০			৩৬০	৩৭০	
			[৫.১.৪] বয়স্ক সেবা জোরদারকরণে নার্স শিক্ষক প্রশিক্ষণ আয়োজিত	সমষ্টি	সংখ্যা	১		৯০	৯০				৯০	৯০	

কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ															
		[৫.২] গবেষণা , রাজস্ব আদায়, অডিট আপত্তি ও পেনশন কেইস নিষ্পত্তিকরণ	[৫.২.১] গবেষণা ব্রিফ/নিউজলেটার প্রকাশিত	সমষ্টি	সংখ্যা	২			৮	৭			৮	৮	
			[৫.২.২] পেনশন কেইস নিষ্পত্তিকৃত	সমষ্টি	সংখ্যা	২		৬৫	১০০	৯০			১১০	১২০	
			[৫.২.৩] রাজস্ব আদায়কৃত	সমষ্টি	টাকা	১	১৪০৯০০০০০	১৫৯৪০৮০০০	৩০০০০০০০০	২৫০০০০০০০	২০০০০০০০০		৩১৫০০০০০০	৩৩০৮০০০০০	
			[৫.২.৪] অডিট আপত্তির ব্রডশীট জবাব প্রেরণকৃত	সমষ্টি	সংখ্যা	১	৫০	৪০	৪৪	৪২	৪১		৫০	৫৫	


কৌশলগত উদ্দেশ্য	কৌশলগত উদ্দেশ্যের মান	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	গণনা পদ্ধতি	একক	কর্মসম্পাদন সূচকের মান	প্রকৃত অর্জন ২০২২-২৩	প্রকৃত অর্জন* ২০২৩-২৪	লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫					প্রক্ষেপণ ২০২৫-২০২৬	প্রক্ষেপণ ২০২৬-২০২৭
									অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
									১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ															
[১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ	৩০	[১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	১০									
		[১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৪									
		[১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									
		[১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন	[১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত	ক্রমপুঞ্জিভূত	প্রাপ্ত নম্বর	৩									

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়-এর নিকট অঞ্জীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও
পরিবার কল্যাণ মন্ত্রণালয়

জুলাই ১৫, ২০২৪

তারিখ



মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

১৫. ০৭. ২০২৪

তারিখ

সংযোজনী-১

ক্রমিক নম্বর	শব্দসংক্ষেপ (Acronyms)	বিবরণ
১	ইএমআইএস (EMIS)	ইলেক্ট্রনিক ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (Electronic Management Information System)
২	(এইচপিএনএসডিপি) HPNSDP	(HPNSDP) Health, Population and Nutrition Sector Development Program
৩	এমআইএস (MIS)	তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (Management Information Systems)
৪	এসভিআরএস (SVRS)	এসভিআরএস (Sample Vital Registration System)
৫	টিএফআর (TFR)	মোট প্রজনন হার (Total Fertility Rate)
৬	ডিজিএইচএস (DGHS)	স্বাস্থ্য অধিদপ্তর (Directorate General of Health Services)
৭	ডিজিএফপি (DGFP)	পরিবার পরিকল্পনা অধিদপ্তর (Directorate General of Family Planning)
৮	বিএনএমসি	বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.১] চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে পদ সৃজন	[১.১.১] পাবনা মেডিকেল কলেজ, পাবনা এর রাজস্বখাতে পূর্ণাঙ্গ পদ সৃজনের প্রস্তাবটি যাচিৎ তথ্যাদি প্রদানপূর্বক সম্মতি প্রদানের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত	পার-১ শাখা	পত্র প্রেরণের কপি
	[১.১.২] জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান (নিপোর্ট) এর অধীন ১৫টি প্রতিষ্ঠানের জন্য রাজস্বখাতে পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত	পার-২	পত্র প্রেরণের কপি
	[১.১.৩] ০১টি নার্সিং কলেজ/ইনস্টিটিউট এর জন্য রাজস্বখাতে অস্থায়ী ভাবে পদ সৃজনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত	পার-৩ শাখা	পত্র প্রেরণের কপি
	[১.১.৪] ১৫টি বেসরকারী মেডিকেল কলেজ-এর একাডেমিক অনুমোদন নবায়ন	চিকিৎসা শিক্ষা-২	অনুমোদনের জিও'র কপি
[১.২] স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ	[১.২.১] ডিপ্লোমা ইন নার্সিং এন্ড মিডওয়াইফারি কারিকুলাম হালনাগাদকৃত	নার্সিং শিক্ষা শাখা	সভার কার্যবিবরণী এবং হালনাগাদকৃত
	[১.২.২] বেসরকারি পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিমালা ২০০৯ হালনাগাদকৃত	নার্সিং শিক্ষা শাখা	অফিস আদেশ/নীতিমালার কপি
	[১.২.৩] বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (বিএনএমসি) এর চাকুরি প্রবিধানমালা চূড়ান্তকৃত	নার্সিং শিক্ষা শাখা	অফিস আদেশ/প্রবিধানমালার কপি
	[১.২.৪] বাংলাদেশ চিকিৎসা গবেষণা পরিষদ আইন ২০২৩' এর খসড়া চূড়ান্তকৃত	নীতি ও কার্যক্রম শাখা	অফিস আদেশ/পত্র প্রেরণের কপি/খসড়া অনুমোদনের কার্যবিবরণী
[১.২] স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ	[১.২.৫] বাংলাদেশ জনসংখ্যা নীতি, ২০১২ হালনাগাদপূর্বক বাংলাদেশ জনসংখ্যা নীতি, ২০২৪ প্রণয়নকৃত	জনসংখ্যা-১ শাখা	অফিস আদেশ/নীতিমালার কপি
	[১.২.৬] 'দেশের অভ্যন্তরে স্নাতকোত্তর চিকিৎসা শিক্ষা ও তদুদ্দেশ্যে প্রশিক্ষণ সম্পর্কিত প্রেষণ নীতিমালা-২০২২ (সংশোধিত)' হালনাগাদকৃত	চিকিৎসা শিক্ষা-১ শাখা	অফিস আদেশ/নীতিমালার কপি
	[১.২.৭] 'বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন আইন, ২০২৩' এর ইংরেজিতে অনূদিত পাঠ (Authentic English Text) প্রকাশের লক্ষ্যে খসড়া অনূদিত কপি মন্ত্রিপরিষদ বিভাগ এর 'আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত সংক্রান্ত উপ-কমিটি' এর নিকট প্রেরণ	চিকিৎসা শিক্ষা-১ শাখা	পত্র প্রেরণের কপি
	[১.২.৮] 'Bangladesh National Family Planning Strategy, 2023-30' প্রণয়নের লক্ষ্যে খসড়া চূড়ান্তকৃত	জনসংখ্যা-১ শাখা	অফিস আদেশ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[১.৩] কারিকুলাম প্রণয়ন, এ্যাক্রিডিটেশন ও উন্নয়ন প্রকল্পের জিও জারি	[১.৩.১] মরচুয়ারী এ্যাসিসটেন্ট এর কারিকুলাম প্রণয়ন	চিকিৎসা শিক্ষা অধিশাখার তত্ত্বাবধানে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	অফিস আদেশ/প্রণীত কারিকুলামের কপি
	[১.৩.২] 'শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয় খুলনা স্থাপন এর জন্য প্রণীত মহাপরিকল্পনার আওতাধীন ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়নসহ মৌলিক অবকাঠামো নির্মাণ'- শীর্ষক প্রকল্পের জিও জারিকৃত	পরিকল্পনা অধিশাখা	অফিস আদেশের কপি
	[১.৩.৩] 'সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন' শীর্ষক প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকৃত	পরিকল্পনা অধিশাখা	নিয়োগ প্রদান সংক্রান্ত অফিস আদেশের কপি
	[১.৩.৪] 'চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন' শীর্ষক প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকৃত	পরিকল্পনা অধিশাখা	নিয়োগ প্রদান সংক্রান্ত অফিস আদেশের কপি
[১.৩] কারিকুলাম প্রণয়ন, এ্যাক্রিডিটেশন ও উন্নয়ন প্রকল্পের জিও জারি	[১.৩.৫] ০৩ টি নার্সিং ও মিডওয়াইফারি প্রতিষ্ঠানের এ্যাক্রিডিটেশন সম্পন্নকৃত	নার্সিং শিক্ষা শাখা	চেকলিস্ট অনুযায়ী সম্পন্নকৃত এ্যাক্রিডিটেশন এর অফিস আদেশের কপি
[২.১] পরিবার পরিকল্পনা সেটরে গতিশীলতা আনয়ন	[২.১.১] বিসিএস (পরিবার পরিকল্পনা) ক্যাডারের কর্মকর্তাগণকে সহকারী পরিচালক (সাধারণ) ও উপপরিচালক (সাধারণ) পদে পদোন্নতির লক্ষ্যে ০২টি ডিপিসি'র সভা অনুষ্ঠিত	পার-২ শাখা	সভার নোটিশ এবং সভার কার্যবিবরণী
[২.২] গর্ভকালীন সেবার পরিধি বৃদ্ধি	[২.২.১] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভকালীন সেবার সংখ্যা বৃদ্ধি	জনসংখ্যা-২ শাখার তত্ত্বাবধানে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	এম আই এস প্রতিবেদন
[২.৩] পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	[২.৩.১] নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (নতুন ০৩টি কেন্দ্র নির্মিত)	মেরামত শাখার তত্ত্বাবধানে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	কমপ্লিশন সার্টিফিকেট
[২.৩] পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	[২.৩.২] নির্মিত মা ও শিশু কল্যাণ কেন্দ্র (নতুন ০৪টি কেন্দ্র নির্মিত)	মেরামত শাখার তত্ত্বাবধানে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	কমপ্লিশন সার্টিফিকেট
	[২.৩.৩] নির্মিত উপ-পরিচালক অফিস	মেরামত শাখার তত্ত্বাবধানে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	কমপ্লিশন সার্টিফিকেট
[২.৪] বিভাগের অধীন স্থাপনা মেরামত	[২.৪.১] স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অধীন স্থাপনা মেরামতকৃত	মেরামত শাখা	হ্যান্ড ওভার/কমপ্লিশন সার্টিফিকেট
[২.৫] পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন সেবা কেন্দ্র পরিদর্শন	[২.৫.১] মাঠ পর্যায়ে প্রদেয় সেবা কার্যক্রম মনিটরিংয়ের লক্ষ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন ৬০টি সেবা কেন্দ্র পরিদর্শনকৃত	জনসংখ্যা-২ শাখা	পরিদর্শন প্রতিবেদন

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা এবং আওতাধীন দপ্তর/সংস্থা	লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক
[৩.১] মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষণ এবং মাঠ পর্যায়ে সেবা প্রদান কর্মসূচীর আয়োজন	[৩.১.১] মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ আয়োজিত	নার্সিং শিক্ষা শাখার তত্ত্বাবধানে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	প্রশিক্ষণের সামারি শীট এবং অফিস আদেশ (অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে)
	[৩.১.২] স্যাটেলাইট ক্লিনিক আয়োজিত	জনসংখ্যা-২ শাখার তত্ত্বাবধানে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	অফিস আদেশ/ছবি ও তথ্যসহ সংক্ষেপিত প্রতিবেদন
	[৩.১.৩] উপজেলা পর্যায়ে পুষ্টি, প্রজনন, স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ৮ম-১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা	জনসংখ্যা-২ শাখার তত্ত্বাবধানে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	বিষয়বস্তুর বিবরণসহ সামারি শীট এবং অফিস আদেশ
	[৩.১.৪] বিটিভির জনসংখ্যা সেল-এ প্রচারের নিমিত্ত পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক কন্টেন্ট প্রস্তুত	জনসংখ্যা-২ শাখার তত্ত্বাবধানে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	আইইএম ইউনিট হতে প্রদত্ত ত্রৈমাসিক ও বার্ষিক প্রতিবেদন/ প্রচারের তালিকা/ প্রচারের জন্য জারিকৃত পত্র
[৩.২] মোট উর্বরতার হার হ্রাসে আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিতকরণ	[৩.২.১] ইমপ্লানন সেবা নতুন গ্রহণকারী	জনসংখ্যা-২ শাখার তত্ত্বাবধানে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস প্রতিবেদন অনুযায়ী ক্লিনিক্যাল সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (সিসিএসডিপি) হতে প্রদত্ত প্রতিবেদন
	[৩.২.২] টিউবেকটমী সেবা নতুন গ্রহণকারী	জনসংখ্যা-২ শাখার তত্ত্বাবধানে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস প্রতিবেদন অনুযায়ী ক্লিনিক্যাল সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (সিসিএসডিপি) হতে প্রদত্ত প্রতিবেদন
[৪.১] প্রযুক্তিখাতে উন্নয়নের মাধ্যমে সেবার পরিধি সম্প্রসারণ	[৪.১.১] বেসরকারি মেডিকেল কলেজ সমূহের সেন্ট্রাল MIS চালুকরণের নিমিত্ত টেকনিক্যাল কমিটির সভা অনুষ্ঠিত	চিকিৎসা শিক্ষা-২ শাখা	সভার নোটিশ এবং কার্যবিবরণী
	[৪.১.২] সুখী পরিবার কল সেন্টার (১৬৭৬৭) এর মাধ্যমে পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য সেবা বিষয়ক তথ্য ও পরামর্শ প্রদানকৃত	জনসংখ্যা-২ শাখার তত্ত্বাবধানে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	এম আই এস প্রতিবেদন
[৪.১] প্রযুক্তিখাতে উন্নয়নের মাধ্যমে সেবার পরিধি সম্প্রসারণ	[৪.১.৩] সিমুলেশন ল্যাব পরিচালনায় দক্ষতা অর্জনের নিমিত্ত প্রশিক্ষণ আয়োজিত	নার্সিং শিক্ষা শাখার তত্ত্বাবধানে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	প্রশিক্ষণের সামারি শীট এবং অফিস আদেশ (অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে)
	[৪.১.৪] দৈবচয়নের ভিত্তিতে ৩০টি সরকারি/বেসরকারি মেডিকেল কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষকদের টুলস এর মাধ্যমে মূল্যায়নকৃত	চিকিৎসা শিক্ষা অধিশাখার তত্ত্বাবধানে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	চেকলিস্ট এবং অফিস আদেশ
	[৪.১.৫] বিভাগের কর্মকর্তা/কর্মচারিগণের সক্ষমতা উন্নয়নে ই-ব্যবস্থাপনা বিষয়ক লার্নিং সেশন অনুষ্ঠিত	প্রশাসন-১ শাখা	প্রশিক্ষণের সামারি শীট এবং অফিস আদেশ (অফিস আদেশের নম্বর উল্লেখ থাকতে হবে)
	[৪.১.৬] পাইলটিং কার্যক্রম হিসেবে ১টি জেলায় সেবা প্রদানকারী কর্তৃক উন্নত সেবা প্রদানের জন্য রেফারেল নোটিফিকেশন প্রদান	জনসংখ্যা-২ শাখার তত্ত্বাবধানে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত	এম আই এস প্রতিবেদন

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
মোট উর্বরতার হার হ্রাসে আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিতকরণ	ইমপ্লান সেবা নতুন গ্রহণকারী	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	জনসংখ্যা-২ শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
মোট উর্বরতার হার হ্রাসে আধুনিক পরিবার পরিকল্পনা পদ্ধতির ব্যবহার নিশ্চিতকরণ	টিউবেকটমী সেবা নতুন গ্রহণকারী	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	জনসংখ্যা-২ শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষণ এবং মাঠ পর্যায়ে সেবা প্রদান কর্মসূচীর আয়োজন	বিটিভির জনসংখ্যা সেল-এ প্রচারের নিমিত্ত পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্য ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক কন্টেন্ট প্রস্তুত	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	জনসংখ্যা-২ শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষণ এবং মাঠ পর্যায়ে সেবা প্রদান কর্মসূচীর আয়োজন	মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক শিক্ষক প্রশিক্ষণ আয়োজিত	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর	নার্সিং শিক্ষা শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে পদ সৃজন	পাবনা মেডিকেল কলেজ, পাবনা এর রাজস্বখাতে পূর্ণাঙ্গ পদ সৃজনের প্রস্তাবটি যাচিত তথ্যাদি প্রদানপূর্বক সম্মতি প্রদানের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত	জনপ্রশাসন মন্ত্রণালয়	শাখা অফিসার কর্তৃক প্রয়োজনীয়/যাচিত কাগজ সরবরাহ এবং লিয়াজো।
চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে পদ সৃজন	জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান (নিপোর্ট) এর অধীন ১৫টি প্রতিষ্ঠানের জন্য রাজস্বখাতে পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরিত	জনপ্রশাসন মন্ত্রণালয়	শাখা অফিসার কর্তৃক প্রয়োজনীয়/যাচিত কাগজ সরবরাহ এবং লিয়াজো।
চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে পদ সৃজন	০১টি নার্সিং কলেজ/ইনস্টিটিউট এর জন্য রাজস্বখাতে অস্থায়ী ভাবে পদ সৃজনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত	জনপ্রশাসন মন্ত্রণালয়	শাখা অফিসার কর্তৃক প্রয়োজনীয়/যাচিত কাগজ সরবরাহ এবং লিয়াজো।
স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ	‘বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রেডিটেশন আইন, ২০২৩’ এর ইংরেজিতে অনূদিত পাঠ (Authentic English Text) প্রকাশের লক্ষ্যে খসড়া অনূদিত কপি মন্ত্রিপরিষদ বিভাগ এর ‘আইনের খসড়া পরীক্ষা-নিরীক্ষাপূর্বক মতামত সংক্রান্ত উপ-কমিটি’ এর নিকট প্রেরণ	মন্ত্রিপরিষদ বিভাগ	শাখা অফিসার কর্তৃক প্রয়োজনীয়/যাচিত কাগজ সরবরাহ এবং লিয়াজো।
কারিকুলাম প্রণয়ন, এ্যাক্রিডিটেশন ও উন্নয়ন প্রকল্পের জিও জারি	‘শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয় খুলনা স্থাপন এর জন্য প্রণীত মহাপরিকল্পনার আওতাধীন ভূমি অধিগ্রহণ ও ভূমি উন্নয়নসহ মৌলিক অবকাঠামো নির্মাণ’- শীর্ষক প্রকল্পের জিও জারিকৃত	পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়	শাখা অফিসার কর্তৃক প্রয়োজনীয়/যাচিত কাগজ সরবরাহ এবং লিয়াজো।
কারিকুলাম প্রণয়ন, এ্যাক্রিডিটেশন ও উন্নয়ন প্রকল্পের জিও জারি	‘সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন’ শীর্ষক প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকৃত	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	শাখা অফিসার কর্তৃক প্রয়োজনীয়/যাচিত কাগজ সরবরাহ এবং লিয়াজো।
কারিকুলাম প্রণয়ন, এ্যাক্রিডিটেশন ও উন্নয়ন প্রকল্পের জিও জারি	‘চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন’ শীর্ষক প্রকল্পের পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ সম্পন্নকৃত	অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	শাখা অফিসার কর্তৃক প্রয়োজনীয়/যাচিত কাগজ সরবরাহ এবং লিয়াজো।
মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষণ এবং মাঠ পর্যায়ে সেবা প্রদান কর্মসূচীর আয়োজন	উপজেলা পর্যায়ে পুষ্টি, প্রজনন, স্বাস্থ্য, কৈশোরকালীন স্বাস্থ্যসেবা বিষয়ে ৮ম-১০ম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের নিয়ে সচেতনতামূলক কর্মশালা	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	জনসংখ্যা-২ শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং

কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট	সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল
প্রযুক্তিখাতে উন্নয়নের মাধ্যমে সেবার পরিধি সম্প্রসারণ	সুখী পরিবার কল সেন্টার (১৬৭৬৭) এর মাধ্যমে পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য সেবা বিষয়ক তথ্য ও পরামর্শ প্রদানকৃত	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	জনসংখ্যা-২ শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
প্রযুক্তিখাতে উন্নয়নের মাধ্যমে সেবার পরিধি সম্প্রসারণ	সিমুলেশন ল্যাব পরিচালনায় দক্ষতা অর্জনের নিমিত্ত প্রশিক্ষণ আয়োজিত	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর	নার্সিং শিক্ষা শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
প্রযুক্তিখাতে উন্নয়নের মাধ্যমে সেবার পরিধি সম্প্রসারণ	দৈবচয়নের ভিত্তিতে ৩০টি সরকারি/বেসরকারি মেডিকেল কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষকদের টুলস এর মাধ্যমে মূল্যায়নকৃত	স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর	চিকিৎসা শিক্ষা-২ শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
প্রযুক্তিখাতে উন্নয়নের মাধ্যমে সেবার পরিধি সম্প্রসারণ	পাইলটিং কার্যক্রম হিসেবে ১টি জেলায় সেবা প্রদানকারী কর্তৃক উন্নত সেবা প্রদানের জন্য রেফারেল নোটিফিকেশন প্রদান	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	জনসংখ্যা-২ শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
মৌলিক/স্বাস্থ্য সেবা/চিকিৎসা শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের বুনিয়াদি, মৌলিক, চাকুরিকালীন দক্ষতা উন্নয়নের বিষয় ভিত্তিক প্রশিক্ষণ এবং পুনঃপ্রশিক্ষণ প্রদানকৃত	জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)	প্রশাসন অধিশাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
মৌলিক/স্বাস্থ্য সেবা/চিকিৎসা শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	মেডিকেল কলেজে সমন্বিত চিকিৎসা শিক্ষা (Integrated teaching) কার্যক্রম বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন	স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর	চিকিৎসা শিক্ষা-২ শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
মৌলিক/স্বাস্থ্য সেবা/চিকিৎসা শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	সরকারি বেসরকারি মেডিকেল কলেজ শিক্ষকদের দক্ষতা উন্নয়নের জন্য টিচিং মেথডোলজী ও এসেসমেন্ট বিষয়ে শিক্ষক প্রশিক্ষণ	স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর	চিকিৎসা শিক্ষা-২ শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
মৌলিক/স্বাস্থ্য সেবা/চিকিৎসা শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	বয়স্ক সেবা জোরদারকরণে নার্স শিক্ষক প্রশিক্ষণ আয়োজিত	নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর	নার্সিং শিক্ষা শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
গবেষণা , রাজস্ব আদায়, অডিট আপত্তি ও পেনশন কেইস নিষ্পত্তিকরণ	গবেষণা ব্রিফ/নিউজলেটার প্রকাশিত	জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)	প্রশাসন অধিশাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষণ এবং মাঠ পর্যায়ে সেবা প্রদান কর্মসূচীর আয়োজন	স্যাটেলাইট ক্লিনিক আয়োজিত	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	জনসংখ্যা-২ শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	নির্মিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (নতুন ০৩টি কেন্দ্র নির্মিত)	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	মেরামত শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	নির্মিত মা ও শিশু কল্যাণ কেন্দ্র (নতুন ০৪টি কেন্দ্র নির্মিত)	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	মেরামত শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	নির্মিত উপ-পরিচালক অফিস	স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	মেরামত শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং
গর্ভকালীন সেবার পরিধি বৃদ্ধি	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গর্ভকালীন সেবার সংখ্যা বৃদ্ধি	পরিবার পরিকল্পনা অধিদপ্তর	জনসংখ্যা-২ শাখা কর্তৃক কার্যক্রমসমূহ মনিটরিং

সংযোজনী ৪: যেসব নীতি/পরিকল্পনার আলোকে কর্মসম্পাদন পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে

ক্রমিক নম্বর	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে	এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম	মন্তব্য
১	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা	(পৃষ্ঠা নং-৫৩৬) মোতাবেক স্বাস্থ্য শিক্ষার মান উন্নয়নে যে সকল কার্য সুচির কথা বলা হয়েছে : প্রশিক্ষণ প্রদান, মেডিকেল কলেজে শিক্ষার মানোন্নয়ন ও সুযোগ সম্প্রসারণ, গবেষণা সম্পাদন।	[১.১] চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে পদ সৃজন [১.২] স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ [১.৩] কারিকুলাম প্রণয়ন, এ্যাক্রিডিটেশন ও উন্নয়ন প্রকল্পের জিও জারি [৫.১] মৌলিক/স্বাস্থ্য সেবা/চিকিৎসা শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান [৫.২] গবেষণা ও পেনশন কেইস নিষ্পত্তিকরণ	৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় স্বাস্থ্য শিক্ষার মান উন্নয়নে যে সকল কার্য সুচির কথা বলা হয়েছে তার মধ্যে অন্যতম তিনটি কাজ: প্রশিক্ষণ প্রদান, মেডিকেল কলেজে শিক্ষার মানোন্নয়ন ও সুযোগ সম্প্রসারণ এবং গবেষণা সম্পাদন---- এ অনুসারে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে এপিএ'তে কর্মসম্পাদন সূচক গ্রহণ করা হয়েছে।
২	নির্বাচনী ইশতেহার	সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৪ এর পৃষ্ঠা ৬৫-৬৭ এর আলোকে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেক্টরে দেয় নির্দেশনা অনুসারে গৃহীত।	[২.২] গর্ভকালীন সেবার পরিধি বৃদ্ধি [২.৩] পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ [৪.১] প্রযুক্তিখাতে উন্নয়নের মাধ্যমে সেবার পরিধি সম্প্রসারণ [৫.১] মৌলিক/স্বাস্থ্য সেবা/চিকিৎসা শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী স্বাস্থ্য খাতের উন্নয়নে প্রদেয় নির্দেশনা অনুযায়ী বিভাগের এপিএ'তে কর্মসম্পাদন সূচক গ্রহণ করা হয়েছে।
৩	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন	প্রতিটি বিভাগে মেডিকেল বিশ্ববিদ্যালয় স্থাপন এবং নার্সিং শিক্ষার উন্নয়ন।	[১.২] স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ [১.৩] কারিকুলাম প্রণয়ন, এ্যাক্রিডিটেশন ও উন্নয়ন প্রকল্পের জিও জারি	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের অংশ হিসেবে চিকিৎসা ও নার্সিং শিক্ষার উন্নয়নে এ বিভাগের এপিএ'তে কর্মসম্পাদনসূচক গ্রহণ করা হয়েছে।
৪	এস ডি জি/ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা	টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ৩ অনুসারে : স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা এবং জনসংখ্যা খাতের পরিকল্পিত উন্নয়ন, অবকাঠামোগত উন্নয়ন এর কথা বলা হয়েছে।	[১.১] চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে পদ সৃজন [২.৩] পরিবার কল্যাণ স্থাপনা নির্মাণ নিশ্চিতকরণ	এস ডি জি অনুযায়ী স্বাস্থ্য খাতের উন্নয়নে প্রদেয় নির্দেশনা অনুযায়ী বিভাগের এপিএ'তে কর্মসম্পাদন সূচক গ্রহণ করা হয়েছে।
৫	বাংলাদেশ জনসংখ্যা নীতি	জনসংখ্যা নীতির হালনাগাদকরণ।	[১.২] স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ	জনসংখ্যা খাতের উন্নয়নে প্রদেয় কার্যসূচি বাস্তবায়নের নিমিত্ত "বাংলাদেশ জনসংখ্যা নীতিমালা-২০১২" হালনাগাদ করার সূচক এপিএ'তে গ্রহণ করা হয়েছে।

ক্রমিক নম্বর	নীতি/পরিকল্পনার নাম	নীতি/পরিকল্পনার যে অংশের আলোকে এপিএ'র কার্যক্রম গ্রহণ করা হয়েছে	এপিএ'র সংশ্লিষ্ট কার্যক্রম	মন্তব্য
৬	বুলস অব বিজনেস	বুলস অব বিজনেস (২) অনুযায়ী Policy regarding Medical Education (চিকিৎসা শিক্ষা সংক্রান্ত নীতি) বাস্তবায়ন আবশ্যিক। বুলস অব বিজনেস (১২) অনুযায়ী Motivation: (a) Preparation and development of publicity media to motivate people in family planning; (b) Organization of publicity work at national and social levels; (c) Educational campaign in these matters অনুপ্রেরণা: (ক) পরিবার পরিকল্পনায় মানুষকে উদ্বুদ্ধ করার জন্য প্রচার মাধ্যমের প্রস্তুতি ও উন্নয়ন; (খ) জাতীয় ও সামাজিক পর্যায়ে প্রচার কাজের সংগঠন; (গ) এসব বিষয়ে শিক্ষামূলক প্রচারণা) আবশ্যিক।	[১.১] চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে পদ সৃজন [১.২] স্বাস্থ্য শিক্ষার উন্নয়নে আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণ [১.৩] কারিকুলাম প্রণয়ন, এ্যাক্রিডিটেশন ও উন্নয়ন প্রকল্পের জিও জারি [২.১] পরিবার পরিকল্পনা সেস্টরে গতিশীলতা আনয়ন [২.২] গর্ভকালীন সেবার পরিধি বৃদ্ধি	বুলস অব বিজনেস (২), (১২) অনুযায়ী চিকিৎসা সংক্রান্ত নীতি এবং পরিবার পরিকল্পনা নীতি বাস্তবায়নে এ বিভাগ উল্লিখিত কার্যক্রম গ্রহণ করেছে।
৭	জাতীয় স্বাস্থ্য নীতি	জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১ অনুসারে, চলমান চ্যালেঞ্জ মোকাবেলায় (ঘ অনুসারে) কিশোর কিশোরীদের স্বাস্থ্য জ্ঞান বৃদ্ধি আবশ্যিক। জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১ অনুসারে চলমান চ্যালেঞ্জ মোকাবেলায় [(ঢ) ও (ট) অনুসারে] স্বাস্থ্য খাতে গবেষণা ও প্রশিক্ষণ বৃদ্ধি আবশ্যিক।	[২.২] গর্ভকালীন সেবার পরিধি বৃদ্ধি [৩.১] মা ও শিশু স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষণ এবং মাঠ পর্যায়ে সেবা প্রদান কর্মসূচীর আয়োজন [৫.১] মৌলিক/স্বাস্থ্য সেবা/চিকিৎসা শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান [৫.২] গবেষণা ও পেনশন কেইস নিষ্পত্তিকরণ	জাতীয় স্বাস্থ্য নীতি ২০১১ অনুসারে, এ বিভাগ কৈশোরকালীন স্বাস্থ্য এবং গবেষণা ও প্রশিক্ষণ সংক্রান্ত কর্মসূচি গ্রহণ করেছে।
৮	স্মার্ট বাংলাদেশ	“স্মার্ট বাংলাদেশ” এর পৃষ্ঠা ৫৫ এর “স্মার্ট হেলথকেয়ার” অংশে ২০৩১ সালের মধ্যে শতকরা ১০০% টেলিমেডিসিন নিশ্চিতকরণ এবং স্মার্ট ডিভাইসের মাধ্যমে হেলথ ডাটা সংগ্রহ এবং স্বাস্থ্য কর্মীদের উপস্থিতি নিশ্চিতকরণের কথা বলা হয়েছে। স্মার্ট বাংলাদেশ (খসড়া) এর স্বাস্থ্য খাতের নির্দেশনায় পৃষ্ঠা ২১-এর ৫নং প্যারায় সিটিজেন সার্ভের কথা বলা আছে। পাতা ২৬ এ সংশ্লিষ্ট সংস্থার সস্টওয়্যার হালনাগাদের কথা বলা আছে। পাতা ২২-এর এ পর্যবেক্ষণ কলামে প্রশিক্ষণের কথা বলা হয়েছে। এ ধারাবাহিকতায় পাতা ৫৬ এর Program contributors হিসেবে অত্র বিভাগের উল্লেখ আছে। স্মার্ট বাংলাদেশে এর পাতা ৫৫ এর “স্মার্ট হেলথকেয়ার অংশে ২০৩১ সালের মধ্যে শতকরা ১০০% টেলিমেডিসিন নিশ্চিতকরণ এবং স্মার্ট ডিভাইসের মাধ্যমে হেলথ ডাটা সংগ্রহ এবং স্বাস্থ্য কর্মীদের উপস্থিতি নিশ্চিতকরণের কথা বলা হয়েছে।	[৪.১] প্রযুক্তিখাতে উন্নয়নের মাধ্যমে সেবার পরিধি সম্প্রসারণ [৫.১] মৌলিক/স্বাস্থ্য সেবা/চিকিৎসা শিক্ষা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান	স্মার্ট বাংলাদেশ এর নির্দেশনার আলোকে এ বিভাগ উল্লিখিত কার্যক্রম গ্রহণ করেছে।
৯	সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)	বিভাগের সিটিজেন চার্টারে বর্ণিত ২.২ অনুচ্ছেদের ক্রমিক ৪ এর আলোকে গৃহীত। ২.৩ অনুচ্ছেদের ক্রমিক ৫ এর আলোকে গৃহীত।	[১.১] চিকিৎসা শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে পদ সৃজন- এই কার্যক্রমের আওতায় গৃহীত কর্মসম্পাদন সূচক- [১.১.৪] ১৫টি বেসরকারী মেডিকেল কলেজ-এর একাডেমিক অনুমোদন নবায়ন	বিভাগের সিটিজেন চার্টারে বর্ণিত রুটিন ওয়ার্ক এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত যে নির্দেশনা রয়েছে, তা তদানুযায়ী বিভাগের এপিএ'তে কর্মসম্পাদন সূচক গ্রহণ করা হয়েছে।

সংযোজনী ৫-৯: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ